

বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
রাজবাড়ী

www.ecs.gov.bd

স্মারক নং ১৭.১১.৮২০০.০০০.৩২.০০১.২৪-২৬

তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৫খ্রি:


‘নিয়োগ বিজ্ঞপ্তি’

নির্বাচন কমিশন সচিবালয়ের ১৩ জানুয়ারি ২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৬.২৪-২৫ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০২৫ উপলক্ষে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (হালনাগাদ কর্মসূচি-২০২৫ চলাকালীন সময়ের জন্য) প্যানেল প্রস্তুতের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য অভিজ্ঞতা	মন্তব্য
১.	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ((কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী হতে হবে)	ভোটার তালিকা কাজের পূর্ব অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
২.	টিম লিডার	এইচ এস সি ((কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী হতে হবে)	
৩.	পুফ রিডার	এইচ এস সি ((কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী হতে হবে)	
৪.	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ এস সি ((কম্পিউটার ডিপ্লোমা/সমমানের ডিগ্রী হতে হবে)	
৫.	ডাটা এন্ট্রি হেলপার	এস.এস.সি পাশসহ কম্পিউটারের বিষয়ে ধারণা থাকতে হবে	

শর্তাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্বামী/স্ত্রীর নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র নম্বর, (প্রার্থীর ব্যাংক হিসাবের নাম, নম্বর ও শাখার নাম), মোবাইল নম্বর ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ পূর্বক জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী বরাবর ২৩ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে দাখিল করতে হবে।। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।
- আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান অথবা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের কপি এবং প্রয়োজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- যে পদের জন্য আবেদন করা হয়েছে খামের উপর পদের নাম স্পষ্টাকারে লিখতে হবে।
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ/মিথ্যা সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে লিখিত /ব্যবহারিক/মৌখিক পরীক্ষার জন্য আহবান করা হবে।
- আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল কাগজপত্র অফেরৎ যোগ্য।
- একজন প্রার্থী কেবল একটি পদে আবেদন করতে পারবেন।
- কোন পদের বিপরীতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে কর্তৃপক্ষ অন্য পদের জন্য নির্ধারিত প্যানেল থেকে উক্ত পদের জন্য নিয়োগ প্রদান করতে পারবে।
- এ নিয়োগ বিজ্ঞপ্তি কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা বহন করে না।
- উপরোল্লিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ভোটার তালিকা হালনাগাদ ২০২৫ সময়ের জন্য নিয়োগ করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/ প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহিত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য সম্মানী/ পারিশ্রমিক প্রদান করা হবে।
- আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বাতিল/পরিবর্তন/ সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ভোটার তালিকা কাজের পূর্ব অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।
- নিকস এবং অত্র ফ্রন্টে টাইপের অভিজ্ঞতা থাকতে হবে।


১৪/০১/২০২৫

(সেক মুহাম্মদ জালাল উদ্দিন)
জেলা নির্বাচন অফিসার, রাজবাড়ী

ও


সভাপতি, নিয়োগ কমিটি
ফোন:০২৪৭৮৮০৭৫৭২ (অফিস)

তারিখঃ ১৪ জানুয়ারি ২০২৫খ্রি:

স্মারক নং ১৭.১১.৮২০০.০০০.৩২.০০১.২৪-

অনুলিপি: সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ৩। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, রাজবাড়ী
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ফরিদপুর অঞ্চল, ফরিদপুর
- ৬। পুলিশ সুপার, রাজবাড়ী
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),....., রাজবাড়ী
- ৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল),রাজবাড়ী (ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৯। জনাব..... ও সদস্য নিয়োগ বাছাই কমিটি
- ১০। নোটিশ বোর্ড,


জেলা নির্বাচন অফিসার
রাজবাড়ী